**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৬/২০১৭**

**ঢাকা, রোববার ১৯ মার্চ ২০১৭, ৫ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। উন্নত বাংলাদেশ গড়ে তোলার শপথ নিন : প্রধানমন্ত্রী

২। বাংলাদেশ-ভারত ২য় জ্বালানি সংলাপ

: সংকট মোকাবিলায় সহযোগিতার ক্ষেত্র বাড়াতে ঐকমত্য

৩। বিদ্যুৎ স্টেশনগুলোতে পর্যাপ্ত সিকিউরিটি আছে : বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী

৪। জঙ্গিবিরোধী বিশেষ অভিযানে ৫২ নব্য জেএমবি সদস্য গ্রেফতার

৫। তৈরি পোশাক খাতে নিয়োগ পাচ্ছেন এক হাজার কর্মী

৬। জঙ্গিবাদের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে : সেতুমন্ত্রী

৭। দুবাইয়ে বৈশ্বিক শিক্ষা সম্মেলনে শিক্ষামন্ত্রী

৮। সবাই মিলে দেশ গড়ার কাজ করতে হবে : পরিবেশ ও বনমন্ত্রী

৯। বঙ্গবন্ধু শিশুদের কল্যাণে কাজ করে গেছেন : বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী

১০। মহানগরী পরিচ্ছন্ন রাখতে প্রয়োজন সচেতন সহযোগিতা : ঢাকা উত্তরের মেয়র

চলমান পাতা-২

**১। উন্নত বাংলাদেশ গড়ে তোলার শপথ নিন : প্রধানমন্ত্রী**

বাংলাদেশকে প্রাচ্যের সুইজারল্যান্ড হিসেবে উন্নত, সমৃদ্ধ করে গড়ে তুলতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলীয় নেতাকর্মীদের নিবেদিত প্রাণ হয়ে কাজ করতে শপথ গ্রহণের আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, জাতির পিতার সম্পূর্ণ জীবনটাই ছিল বাংলার মানুষের জন্য নিবেদিত। জাতির পিতা চেয়েছিলেন বাংলাদেশ হবে প্রাচ্যের সুইজারল্যান্ড। তিনি গতকাল ১৮ মার্চ শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতির পিতার ৯৭তম জন্মবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটি আয়োজিত আলোচনা সভায় সভাপতির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ (শেষ. পৃ, ক. ২),সমকাল(শেষ.পৃ,ক.২),ইনডিপেনডেন্ট ( শেষ.পৃ, ক.৬),অবজারভার (শেষ.পৃ, ক. ২)।**

**২। বাংলাদেশ-ভারত ২য় জ্বালানি সংলাপ : সংকট মোকাবিলায় সহযোগিতার ক্ষেত্র বাড়াতে ঐকমত্য**

ভবিষ্যৎ জ্বালানি সংকট মোকাবিলায় দ্বিপক্ষীয় সহযোগিতার ক্ষেত্র বাড়ানোর বিষয়ে একমত হয়েছে বাংলাদেশ ও ভারত। গতকাল ১৮ মার্চ শনিবার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত দ্বিতীয় জ্বালানি সংলাপে আলোচনা শেষে উভয় দেশের প্রতিনিধিরা এ সিদ্ধান্ত নেন। সংলাপে বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব নাজিম উদ্দিন চৌধুরী এবং ভারতের পক্ষে নেতৃত্ব দেন ভারতের পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয়ের সচিব কে ডি তৃপাদি। সূত্র-**সংবাদ (শেষ.পৃ, ক.৪),সমকাল (পৃ.২,ক.৮), ফিনানশিয়াল এক্সপ্রেস(পৃ.১ ক, ৪),ডেইলি সান (শেষ.পৃ, ক.৬)।**

**৩। বিদ্যুৎ স্টেশনগুলোতে পর্যাপ্ত সিকিউরিটি আছে : বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, জঙ্গি হামলা প্রতিরোধে দেশের বিদ্যুৎ স্টেশনগুলোতে পর্যাপ্ত পরিমাণ সিকিউরিটি রয়েছে। গত বছর থেকে আমরা বিদেশি সিকিউরিটি কনসালটেন্ট হায়ার করেছি। ফিজিক্যাল সিকিউরিটির পাশাপাশি অন্য বিষয়গুলোর ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমাদের বড় বড় যেসব প্রকল্প চলছে-পায়রা, মাতারবাড়ী, রামপাল ছাড়াও অন্য প্রকল্পগুলোতেও পর্যাপ্ত সিকিউরিটি ব্যবস্থা নেওয়া হয়েছে। গতকাল ১৮ মার্চ শনিবার টাঙ্গাইল জেলা সদর মাঠে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ (শেষ. পৃ, ক. ২), সমকাল (পৃ. ৪, ক. ৪) জনকণ্ঠ (পৃ. ২, ক. ৮)প্রথম আলো (পৃ. ৩, ক. ১)।**

**৪। জঙ্গিবিরোধী বিশেষ অভিযানে ৫২ নব্য জেএমবি সদস্য গ্রেফতার**

দেশব্যাপী গত ১০ দিনে জঙ্গিবিরোধী বিশেষ অভিযানে নব্য জেএমবির ৫২ সদস্যসহ ৮১ জঙ্গি সদস্যকে গ্রেফতার করা হয়েছে। আর অভিযানের সময় আইনশৃঙ্খলা বাহিনীর ওপর জঙ্গিদের বোমা হামলা ও পুলিশের সঙ্গে গোলাগুলিতে কমপক্ষে ৯ জঙ্গি নিহত হয়েছে। অভিযান চলাকালে বিপুল পরিমাণ বিস্ফোরক, গ্রেনেড, বোমা তৈরির সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। সূত্র-**সংবাদ (পৃ. ১, ক. ১) প্রথম আলো (পৃ. ১, ক. ২) ডেইলি সান (শেষ.পৃ, ক. ৬)।**

**৫। তৈরি পোশাক খাতে নিয়োগ পাচ্ছেন এক হাজার কর্মী**

তৈরি পোশাক খাতে নিয়োগ পাচ্ছেন এক হাজার প্রার্থী। যোগ্যতা যাচাই শেষে শীঘ্রই চূড়ান্ত নিয়োগপত্র পাবেন তারা। অপারেটর পদ থেকে মার্চেন্ডাইজার পর্যন্ত এ সব পদের প্রার্থীর বেশিরভাগই সরকারের স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (এসইআইপি) অধীনে প্রশিক্ষণপ্রাপ্ত। গতকাল ১৮ মার্চ শনিবার রাজধানীর বসুন্ধরা কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত দিনব্যাপী চাকরি মেলায় এক হাজার প্রার্থীর কর্মসংস্থানের আশ্বাস দিয়েছেন উদ্যোক্তারা। পোশাক খাতে প্রথমবারের মতো আয়োজিত এ মেলা উদ্বোধন করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সূত্র-**সমকাল** (পৃ. ১২, ক. ১) **ভোরের কাগজ (পৃ. ১১, ক. ১) ইনকিলাব (শেষ.পৃ, ক. ৬) ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ. ৯, ক. ২)।**

**৬। জঙ্গিবাদের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেড় বছর পরে আমাদের জাতীয় নির্বাচন। সন্ত্রাসী ও জঙ্গি হামলা নির্বাচনের অন্তরায়। সাম্প্রদায়িক উগ্রবাদ, জঙ্গিবাদ আমাদের জাতীয় অস্তিত্বের প্রতি হুমকি। দেশের স্বার্থে, জাতীয় স্বার্থে আমাদের সবাইকে এর বিরুদ্ধে ঐক্যবদ্ধ হতে হবে। গতকাল ১৮ মার্চ শনিবার রাজধানীর আগারগাঁওয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতরের (এলজিইডি) মিলনায়তনে জাতীয় যক্ষা নিরোধ সমিতির (নাটাব) বার্ষিক যক্ষ্মা সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ (পৃ. ১, ক. ৪) সমকাল (পৃ. ২, ক. ৫) ইনকিলাব (পৃ. ১, ক. ৬) ইনডিপেনডেন্ট (পৃ. ১, ক. ৬)।**

**৭।　　দুবাইয়ে বৈশ্বিক শিক্ষা সম্মেলনে শিক্ষামন্ত্রী**

সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে 'পঞ্চম গ্লোবাল এডুকেশন ও স্কিলস ফোরামে' যোগ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। দু'দিনব্যাপী এ সম্মেলন গতকাল ১৮ মার্চ শনিবার শুরু হয়েছে। মন্ত্রী ফোরামে বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন। সূত্র-**সমকাল (পৃ. ৪, ক. ৫)।**

**৮।　　সবাই মিলে দেশ গড়ার কাজ করতে হবে : পরিবেশ ও বনমন্ত্রী**

পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, বঙ্গবন্ধু দেশ স্বাধীন করে সুযোগ সৃষ্টি করে গেছেন। এখন সবাই মিলে দেশ গড়ার কাজ করতে হবে। আমাদের নেতৃত্বের ভেতরে ঐকমত্য সৃষ্টি করতে হবে। পিরোজপুরের ভাণ্ডারিয়া রিজার্ভ পুকুর পাড়ে গত ১৭ মার্চ শুক্রবার রাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মদিন ও শিশু দিবস উপলক্ষে আয়োজিত এক সমাবেশে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল (পৃ. ৭, ক. ১) ইত্তেফাক (শেষ.পৃ, ক.১)।**

**৯।　　বঙ্গবন্ধু শিশুদের কল্যাণে কাজ করে গেছেন : বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিশুদের উন্নয়ন ও কল্যাণে আজীবন কাজ করে গেছেন। বঙ্গবন্ধুর জন্মদিন ও 'জাতীয় শিশু দিবস' উপলক্ষে রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আয়োজিত শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ (পৃ. ৪, ক. ২) জনকণ্ঠ (পৃ. ৩, ক. ৩)।**

**১০।　　মহানগরী পরিচ্ছন্ন রাখতে প্রয়োজন সচেতন সহযোগিতা : ঢাকা উত্তরের মেয়র**

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক বলেছেন, বিশ্বের সর্বাধিক ঘনবসতিপূর্ণ এই ঢাকা মহানগরীর পরিচ্ছন্নতার দায়িত্ব কেবল একা মেয়র বা তার কর্মী বাহিনীর পক্ষে বহন করা সম্ভব নয়। এজন্য প্রয়োজন নাগরিক সমাজের সচেতন সহযোগিতা। গতকাল ১৮ মার্চ শনিবার গুলশান লেক পার্ক অ্যাম্ফিথিয়েটারে গুলশানে সড়ক পরিচ্ছন্নতা কার্যক্রম 'অ্যাডপ্ট এ রোড' এর উদ্বোধনকালে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ (শেষ. পৃ, ক. ৫) যায়যায়দিন (পৃ. ৩, ক. ২) ইনকিলাব (পৃ. ৩, ক. ২) ইনডিপেনডেন্ট (পৃ. ৩, ক. ৬)।**

## সম্পাদকীয়

ক.　**জনকণ্ঠ :** জঙ্গি দমনে সরকার ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জনগণকে সঙ্গে নিয়ে কঠোর অবস্থান ধরে রাখতে হবে, জঙ্গিবাদকে যেমন 'না' বলতে হবে তেমনি তাদের নির্মূলও করতে হবে বলে অভিমত প্রকাশ ।

খ.　**ইত্তেফাক :** দেশে ইতোমধ্যে বেশ কিছু ওষুধ কোম্পানির লাইসেন্স সাময়িকভাবে বাতিল করা হলেও বাজারে নিষিদ্ধ ঘোষিত ও ভেজাল ওষুধ বিদ্যমান রয়েছে। এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আরো কঠোর হওয়ার সুপারিশ।

গ.　**যুগান্তর :** বাংলাদেশ বেতার যাতে বর্তমান প্রতিযোগিতামূলক গণমাধ্যমের ভিড়ে যোগ্য মাধ্যম হিসেবে টিকে থাকতে পারে সে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ.　**প্রথম আলো :** শিক্ষাবর্ষ শুরু হওয়ার আড়াই মাস পরও জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) নবম শ্রেণির শিক্ষার্থীদের পাঠ্যসূচি দেওয়া হয়নি, এ বিষয়ে সরকারকে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ.　**প্রথম আলো :** রোহিঙ্গা সংকট সমাধানে আনান কমিশন যেসব সুপারিশ করেছে তা বাস্তবায়ন করতে বাংলাদেশ সরকারকে কূটনৈতিক উদ্যোগ ও আন্তর্জাতিক পর্যায়ে তৎপরতা জোরদার করতে হবে বলে অভিমত প্রকাশ।

চ.　**সংবাদ :** নিত্যপণ্যের দাম অযৌক্তিকভাবে যারা বেশি নিচ্ছে তাদের আইনের আওতায় এনে শাস্তি দিতে হবে ও ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে বাজার মনিটরিং জোরদার করতে হবে এবং অতিরিক্ত খাজনা ও চাঁদাবাজি বন্ধে সরকারকে পদক্ষেপ নিতে হবে বলে অভিমত প্রকাশ।

ছ.　**ডেইলি সান :** জঙ্গিবাদ প্রতিরোধে সমাজ এবং রাষ্ট্রকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে এবং আত্মঘাতী জঙ্গি হামলাকে দমন করতে হলে সম্ভাব্য সকল ধরনের পদক্ষেপ গ্রহণ করতে হবে বলে অভিমত প্রকাশ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** চীনের অর্থায়নে মংলা বন্দরের উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তবে এই মুহূর্তে সবচেয়ে বেশি প্রয়োজন হলো পশুর চ্যানেলের ড্রেজিং করা, সেজন্য পানিসম্পদ মন্ত্রণালয়কে দ্রুত পদক্ষেপ নিতে হবে বলে অভিমত প্রকাশ।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ এখন পর্যাপ্ত হলেও রপ্তানির প্রবৃদ্ধি এবং রেমিটেন্সের প্রবাহ কম হওয়ায় ভবিষ্যতে রিজার্ভের ওপর চাপ পড়তে পারে এমতাবস্থায় ছোট বা বড় যে পরিমাণই হোক না কেন পুঁজির বা তহবিলের বর্হিগমনের বিষয়ে সরকারকে অধিক সতর্কতা অবলম্বন করতে হবে বলে উল্লেখ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে তিস্তা চুক্তির বিষয়ে প্রতিশ্রুতি রক্ষায় ভারতীয় সরকার সচেষ্ট হবে এবং তিস্তা চুক্তির সফল বাস্তবায়নের মাধ্যমে দু'দেশের বন্ধুত্বের সম্পর্ক আরো সুদৃঢ় হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'ব্যাংকিং খাতে ভারসাম্যহীনতা'** শিরোনামের নিবন্ধে গিয়াসউদ্দিন মানিকবিদ্যমান ব্যাংকগুলোকে সুস্থ ও টেকসই পরিবেশে পরিচালনার মাধ্যমে অগ্রসর হতে হবে তা না হলে এ সেক্টরের বিশৃঙ্খলা অর্থনৈতিক বিপর্যয়ের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে নিম্নগামী করবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

সাহেলা/শুকলা/ তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা